6

দৈনিক ইত্তেফাক

তারিখ 09 SEP 1996
পৃষ্ঠা ৩ কলাম ৩

## মন্ত্রণালয় অনুমোদিত কমিটির মাধ্যমে হোমিও পরীক্ষা গ্রহণের দাবী

সম্প্রতি বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল ছাত্র সংসদ কার্যালয়ে হোমিও চিকিৎসক ও ছাত্র-ছাত্রীদের এক সভায় সরকার অনুমোদিত ৮টি হোমিও কলেজের অধ্যক্ষ-উপাধ্যক্ষ সমন্বয়ে মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত পরীক্ষা কমিটির মাধ্যমে '৯৪/৯৫ শিক্ষাবর্ষের পরীক্ষা গ্রহণ না করায় ১০ হাজার হোমিও ছাত্র-ছাত্রীর শিক্ষাজীবন ধ্বংসের দিকে ধাবিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করা হয়। সভায় বলা হয়, গঠিত কমিটিকে বাদ দিয়া বর্তমান বিতর্কিত বোর্ডের

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## মন্ত্রণালয় অনুমোদিত

( ৩য় পৃঃ পর )

কোন কমিটিকে দিয়া পরীক্ষা নেওয়ার চেষ্টা করা হইলে ১২টি সংগঠনের পক্ষ হইতে উহা প্রতিহত করা হইবে। হোমিও মেডিকেল কলেজ ছাত্র সংসদের ভিপি মোঃ সাহাবউদ্দিন আজাদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ডাঃ দীলিপ রায়, ডাঃ আশিষ নিয়োগী, ডাঃ এস এ মনসুর, ডাঃ মাহবুবুর রহমান, মোঃ সাইফুল্লাহ প্রমুখ বক্তব্য রাখেন। —প্রেস বিজ্ঞপ্তি